SME NEWS
এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার
SME FOUNDATION
বর্ষ ১৫ । সংখ্যা ৫০ | এপ্রিল-জুন ২০২৫

# আন্তর্জাতিক এমএসএমই দিবস ২০২৫ উদযাপন




র‍্যালিতে শিল্পসচিবসহ অতিথিবৃন্দ



আলোচনা সভায় প্রধান উপদেষ্টার বিশেষ দূত লুৎফে সিদ্দিকী, বিডা'র নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুনসহ অতিথিবৃন্দ

২৭ জুন আন্তর্জাতিক এমএসএমই দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য 'টেকসই প্রবৃদ্ধি ও উদ্ভাবনের মূল চালিকাশক্তি হিসেবে এমএসএমই খাতের ভূমিকা সুদৃঢ়করণ'। মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতকে আরো এগিয়ে নেয়ার লক্ষ্যে ২০১৭ সালে জাতিসংঘ ২৭ জুন 'এমএসএমই দিবস' হিসেবে ঘোষণা করে। এ উপলক্ষ্যে জাতীয় পত্রিকায় বিজ্ঞাপন ও টেক্সট ম্যাসেজের মাধ্যমে এমএসএমই উদ্যোক্তাদের শুভেচ্ছা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিশেষ সংখ্যা প্রকাশ ও প্রচারণা, বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা অনুষ্ঠানসহ নানা আয়োজনের মাধ্যমে আন্তর্জাতিক এমএসএমই দিবস উদযাপন করেছে এসএমই ফাউন্ডেশন। ২৯ জুন ২০২৫ এ উপলক্ষ্যে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। শিল্পসচিব মো. ওবায়দুর রহমান, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীসহ দেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, চেম্বার ও অ্যাসোসিয়েশন প্রতিনিধি ও সরকারি-বেসরকারি সংস্থা'র প্রতিনিধিগণ এতে অংশগ্রহণ করেন। পরে আগারগাঁও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ভবন মিলনায়তনে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন প্রধান উপদেষ্টার আন্তর্জাতিক বিষয় সংক্রান্ত বিশেষ দূত লুৎফে সিদ্দিকী, বিডা'র নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন এবং শিল্পসচিব মো. ওবায়দুর রহমান। অতিথি ছিলেন আন্তর্জাতিক শ্রম সংস্থা-ILO বাংলাদেশের ভারপ্রাপ্ত কর্মকর্তা Pedro Jr. Bellen। স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেন্টার ফর পলিসি ডায়ালগ-CPD-এর বিশেষ ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য এবং আইএলও, বাংলাদেশের কারিগরি বিশেষজ্ঞ Nabin Karna। এছাড়া বিডা মিলনায়তনে এসএমই ফাউন্ডেশন ও এশিয়া ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে দিনব্যাপী নারী-উদ্যোক্তাদের পণ্য প্রদর্শনী ও মেলার আয়োজন করা হয়। প্রদর্শনীতে ৭০জন নারী-উদ্যোক্তা তাঁদের উৎপাদিত পণ্য প্রদর্শন ও বিক্রি করেন।

# নারী-উদ্যোক্তাদের জন্য 'বিজনেস পিচ কম্পিটিশন' আয়োজন




এসএমই ফাউন্ডেশন, এশিয়া ফাউন্ডেশন এবং ভিসা'র যৌথ উদ্যোগে আয়োজিত বিজনেস পিচ কম্পিটিউশনে সেরা ব্যবসায়িক পরিকল্পনা উপস্থাপনকারী ৩জন নারী-উদ্যোক্তাকে পুরস্কৃত করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রাপ্ত ৯২টি আবেদন যাচাই-বাছাই করে ২৪জনকে 'বিজনেস পিচ কম্পিটিউশন'-এর কলা-কৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০জন নারী-উদ্যোক্তাকে নির্বাচন করা হয়। ২৫ জুন ২০২৫ 'বিজনেস পিচ কম্পিটিউশন'-এর চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হয়। প্রথম পুরস্কার বিজয়ী 'ইউনিক হোম-এর শারমিন সুলতানাকে ৫ হাজার ডলার, দ্বিতীয় স্থান অর্জনকারী 'আইন সেবা'র রহিমা হককে ৪ হাজার ডলার এবং তৃতীয় স্থান অর্জনকারী রোড 'বুক বিডি'র তাকিয়া সুলতানা নোভাকে ৩ হাজার ডলার পুরস্কার প্রদান করা হয়। বিজয়ী তিনজন উদ্যোক্তা এবং অন্যান্য অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদান করা হয়। প্রতিযোগিতায় জুরি বোর্ডের সদস্য ছিলেন নওশাদ মুস্তাফা, পরিচালক, এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ, বাংলাদেশ ব্যাংক; কানিজ আলমাস খান, সিইও, পারসোনা; ফারজানা চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স; ড. মেলিতা মেহজাবিন, অধ্যাপক, আইবিএ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং হুসনা ফেরদৌস সুমি, সিনিয়র প্রাইভেট সেক্টর স্পেশালিস্ট, বিশ্ব ব্যাংক। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী ও উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান, ভিসা (বাংলাদেশ, নেপাল ও ভুটান)-এর কান্ট্রি ম্যানেজার সাব্বির আহমেদ এবং দি এশিয়া ফাউন্ডেশনের মঙ্গোলিয়া'র ভিজিটিং কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ Sara Taylor।


# এসএমই ফাউন্ডেশন এবং আইএলও বাংলাদেশের উদ্যোগে এসএমই নীতিমালা ২০২৫ (খসড়া) বিষয়ে পরামর্শ সভা




পরামর্শ সভায় শিল্প উপদেষ্টা আদিলুর রহমান খানসহ অতিথিবৃন্দ

২৩ এপ্রিল ২০২৫ এসএমই নীতিমালা ২০২৫-এর খসড়া নিয়ে জাতিসংঘ ও আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানগুলোর সাথে এসএমই ফাউন্ডেশন এবং আইএলও বাংলাদেশের উদ্যোগে পরামর্শ সভা আয়োজন করা হয়। এসএমই নীতিমালা ২০২৫-এর খসড়া নিয়ে জাতিসংঘ ও আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানগুলোর সাথে এসএমই ফাউন্ডেশন এবং আইএলও বাংলাদেশের উদ্যোগে আয়োজিত পরামর্শ সভায় শিল্প উপদেষ্টা আদিলুর রহমান খান বলেন, এসএমই খাত শুধু ব্যবসা নয়, দেশের অর্থনীতির মেরুদণ্ড। এসএমই উদ্যোক্তাগণ তাদের লাভের শতকরা ৩০ ভাগই পুনরায় বিনিয়োগ করেন, যা অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখে। ২৩ এপ্রিল ২০২৫ ঢাকার একটি হোটেলে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমানের সভাপতিত্বে আয়োজিত পরামর্শ সভায় বক্তব্য প্রদান করেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. নূরুজ্জামান এনডিসি ও রশিদুল হাসান, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী ও উপব্যবস্থাপনা পরিচালক নাজিম হাসান সাত্তার এবং আইএলও বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর Tuomo Poutiainen।

## রাজশাহীতে এসএমই ফাউন্ডেশন এবং আইএলও বাংলাদেশের উদ্যোগে বিভাগীয় সংলাপ আয়োজন



১৭ মে ২০২৫ এসএমই নীতিমালা ২০২৫-এর খসড়া নিয়ে রাজশাহীতে এসএমই ফাউন্ডেশন এবং আইএলও বাংলাদেশের উদ্যোগে বিভাগীয় সংলাপ আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পসচিব মো. ওবায়দুর রহমান। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমানের সভাপতিত্বে আয়োজিত সংলাপে বক্তব্য প্রদান করেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রশিদুল হাসান, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী ও উপব্যবস্থাপনা পরিচালক নাজিম হাসান সাত্তার, বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ এনডিসি, জেলা প্রশাসক আফিয়া আখতার এবং আইএলও বাংলাদেশের হেড অব প্রোগ্রাম Gunjan Dallakoti।


## ‘Women Entrepreneurs-Banker Meet’ কর্মশালা




১৬ এপ্রিল ২০২৫ SheProspers কর্মসূচির আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত নারী-উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তিতে সহায়তার লক্ষ্যে ‘Women Entrepreneurs-Banker Meet’ কর্মশালা আয়োজিত হয়। বাংলাদেশের নারী উদ্যোক্তাদের উন্নয়নে এসএমই ফাউন্ডেশন এবং দি এশিয়া ফাউন্ডেশনের উদ্যোগে এই কর্মসূচির অন্যতম লক্ষ্য নারী উদ্যোক্তাদের প্রাতিষ্ঠানিক ঋণ সহায়তা নিশ্চিত করা। এ লক্ষ্যে জাতীয় পরিচয় পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন নাম্বার, ব্যাংক হিসাব, প্রযোজ্য ক্ষেত্রে অংশীদারি চুক্তি বা মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এবং অন্তত দুই বছর ধরে চলমান ব্যবসা রয়েছে এমন ৩১জন নারী-উদ্যোক্তাকে নির্বাচন করে ঋণ প্রাপ্তি প্রস্তুতি বিষয়ে আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান, দি এশিয়া ফাউন্ডেশনের প্রোগ্রাম ম্যানেজার ইজলাল মঈন, প্রোগ্রাম অফিসার রত্না মারিয়া রোজারিও এবং এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান।

SheProspers কর্মসূচির আওতায় ১৭ এপ্রিল ২০২৫ রাজশাহীতে নারী-উদ্যোক্তা উন্নয়ন, তাঁদের জন্য যথাযথ অর্থায়ন, উৎপাদিত পণ্যের বাজার সংযোগ এবং ব্যবসা সম্প্রসারণ বিষয়ে Lesson Sharing Workshop অনুষ্ঠিত হয়। ২২ এপ্রিল ২০২৫ রংপুরে নারী-উদ্যোক্তা উন্নয়ন, তাঁদের জন্য যথাযথ অর্থায়ন, উৎপাদিত পণ্যের বাজার সংযোগ এবং ব্যবসা সম্প্রসারণ বিষয়ে Lesson Sharing Workshop অনুষ্ঠিত হয়। ০৫ মে ২০২৫ ময়মনসিংহে Lesson Sharing Workshop অনুষ্ঠিত হয়।

## ‘এসএমই নীতিমালা ২০২৫(খসড়া): পর্যালোচনা কর্মশালা’ আয়োজন



৩১ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশন এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর উদ্যোগে সাভারের ব্র্যাক সিডিএম-এ ফাউন্ডেশনের উর্ধ্বতন কর্মকর্তাদের অংশগ্রহণে ‘এসএমই নীতিমালা ২০২৫(খসড়া): পর্যালোচনা কর্মশালা’ আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি (অনলাইনে) ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। স্বাগত বক্তব্য প্রদান করেন উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার। উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান এবং মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন।

## ‘এসো উদ্যোক্তা হই’ কর্মশালা



২৮ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ইডেন মহিলা কলেজ মিলনায়তনে নতুন নারী-উদ্যোক্তা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ‘এসো উদ্যোক্তা হই’ কর্মশালা আয়োজিত হয়। ইডেন কলেজের স্নাতক ও স্নাতকোত্তর অধ্যয়নরত শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উদ্বুদ্ধ করতে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং ইডেন মহিলা কলেজের সার্বিক সহযোগিতায় এই অনুষ্ঠান আয়োজন করা হয়। শিক্ষার্থী মনে উদ্যোক্তা হওয়ার স্বপ্ন বুনে দিলে সেই স্বপ্নের তাড়নায় শিক্ষাজীবন সমাপনের পর শিক্ষার্থীরা চাকরির দিকে ধাবিত না হয়ে নিজস্ব উদ্যোগ শুরু করবে এবং আত্মকর্মসংস্থানের পাশাপাশি সামাজিক কর্মসংস্থানে ভূমিকা রাখবে। আর উদ্যোক্তাবান্ধব সমাজ বিনির্মাণে এসএমই ফাউন্ডেশনের নিরন্তর প্রচেষ্টা। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান। ছাত্রীদের উদ্যোক্তা হতে অনুপ্রাণিত করতে স্বীয় সাফল্যগাঁথা তুলে ধরেন পারসোনা’র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও কানিজ আলমাস খান, বিবিয়ানার স্বত্বাধিকারী লিপি খন্দকার, এবং ইউ.ওয়াই সিস্টেমস্-এর ম্যানেজিং পার্টনার ফারহানা এ. রহমান। কর্মশালায় সভাপতিত্ব করেন ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. শামছুন নাহার। সমাপনী বক্তব্য রাখেন, ইডেন মহিলা কলেজ ইংরেজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ফাহিমা মাহমুদ। শুভেচ্ছা বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান। অনুষ্ঠানে ইডেন মহিলা কলেজের ছাত্রী ও শিক্ষকসহ প্রায় ২০০জন অংশগ্রহণ করেন।

# এসএমই উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও উন্মুক্ত ঋণ বিতরণ কর্মসূচি





এসএমই ফাউন্ডেশনের ‘রিভলভিং ফান্ড’ থেকে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ব্র্যাক ব্যাংক, ব্যাংক এশিয়া ও শাহজালাল ইসলামী ব্যাংকের সহযোগিতায় ২৬ এপ্রিল ২০২৫ বগুড়ার আদমদিঘী উপজেলার শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টারের উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও উন্মুক্ত ঋণ বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আদমদীঘি উপজেলার উপজেলা নির্বাহী অফিসার মোছা রুমানা আফরোজ। প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান এবং বিশেষ অতিথি ছিলেন ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার। উপস্থিত ছিলেন FES Bangladesh-এর রেসিডেন্ট রিপ্রেজেন্টেটিভ Dr. Felix Gerdes এবং ব্যাংক কর্মকর্তাবৃন্দ। এছাড়া, BUTEX, Reverse Resources ও Urmi Group এর প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন ও ক্লাস্টারের উদ্যোক্তাসহ প্রায় ১৫০জন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে ৭৪.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ২৭ এপ্রিল ২০২৫ কর্মসূচির আওতায় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ব্র্যাক ব্যাংক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক ও শাহজালাল ইসলামী ব্যাংকের সহযোগিতায় গাইবান্ধার গোবিন্দগঞ্জ হোসিয়ারি ক্লাস্টারে উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও উন্মুক্ত ঋণ বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা ইয়াসমিন সুলতানা। প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের সম্মানিত চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। অনুষ্ঠানে ১.৪০ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়। কর্মসূচির আওতায় এ পর্যন্ত উল্লেখিত তিন ক্লাস্টারের ৫৯০জন উদ্যোক্তার মাঝে অদ্যাবধি ৪০.২৪ কোটি টাকা বিতরণ করা হয় এবং গাইবান্ধা জেলার উদ্যোক্তা উন্নয়নে প্রায় ১৩ কোটি টাকা বিতরণ করা হয়।






ফাউন্ডেশনের ক্লাস্টার উন্নয়ন কর্মসূচির আওতায় সারা দেশে এসএমই ক্লাস্টারসমূহে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এ কার্যক্রমসমূহের প্রভাব মূল্যায়ন, বিদ্যমান সমস্যাবলী চিহ্নিতকরণ এবং ভবিষ্যৎ উন্নয়ন সম্ভাব্যতা নিরূপণের লক্ষ্যে ২৬ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান বগুড়ার শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টার পরিদর্শন করেন। ২৬ এপ্রিল ২০২৫ বগুড়া জেলা প্রশাসকের কার্যালয়ে একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, জেলা পর্যায়ের উদ্যোক্তাবৃন্দ এবং এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। সভায় সভাপতিত্ব করেন বগুড়ার জেলা প্রশাসক জনাব হোসনা আফরোজা। প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। ২৭ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধিদল গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলার হোসিয়ারি ক্লাস্টার পরিদর্শন করে। ২৭ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধিদল নীলফামারী জেলার সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করে। পরিদর্শন ও মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও আব্দুস সালাম সরদার এবং উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা।

## এসএমই ক্লাস্টার উদ্যোক্তাদের উন্নয়নে একসাথে কাজ করবে এসএমই ফাউন্ডেশন এবং উর্মি গ্রুপ



এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের উন্নয়নে যৌথভাবে কাজ করতে সম্মত হয়েছে এসএমই ফাউন্ডেশন এবং তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান উর্মি গ্রুপ। ১৩ মে ২০২৫ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার ও ফারজানা খান, মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও মো. আব্দুস সালাম সরদার এবং উর্মি গ্রুপের পরিচালক শামারুখ ফখরুদ্দিন।

## ‘গহনা তৈরি’ কর্মশালা



২৭-২৯ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইডেন মহিলা কলেজের শিক্ষার্থীদের জন্য ‘গহনা তৈরি’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালা শেষে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. শামসুন নাহার, ইংরেজী বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ফাহিমা মাহমুদ, ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান সার্টিফিকেট প্রদান করেন।

## ফাউন্ডেশনের চেয়ারপার্সনের সাথে WIPO-এর পরিচালক Andrew Ong -এর সৌজন্য সাক্ষাত



১০ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমানের সাথে WIPO-এর প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বিভাগীয় পরিচালক Mr. Andrew Ong সৌজন্য সাক্ষাত করেন। উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান।

## জাম্বিয়া’র প্রতিনিধিদলের সাথে এসএমই ফাউন্ডেশনের মতবিনিময়



১৮ মে ২০২৫ রিপাবলিক অব জাম্বিয়া’র এসএমই উন্নয়ন মন্ত্রণালয়ের প্রধান অর্থনীতিবিদ Pamela Chitulangoma-এর নেতৃত্বে ৪ সদস্যের প্রতিনিধিদলের সাথে এসএমই ফাউন্ডেশনের উর্ধ্বতন কর্মকর্তাদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ এবং জাম্বিয়া’র এসএমই খাতের সম্ভাব্য উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার এবং মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন উপস্থিত ছিলেন।

## এসএমই খাতের উন্নয়নে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন নিয়ে আলোচনা সভা



০৩ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বিশ্ব ব্যাংকের সহযোগিতায় ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের উন্নয়নে সম্ভাব্য কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নর নিয়ে শিল্প মন্ত্রণালয়ের সভাকক্ষে শিল্পসচিব মো. ওবায়দুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ ও মুহাম্মদ মাসুদুর রহমান, বিশ্ব ব্যাংক, বাংলাদেশের সিনিয়র প্রাইভেট সেক্টর স্পেশালিষ্ট হোসনা ফেরদৌস সুমি, প্রাইভেট সেক্টর স্পেশালিষ্ট Magueye Dia এবং শিল্প মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বিসিক, এসএমই ও বিটাক) শ্যামলী নবী।

## চামড়াজাত পণ্য উৎপাদনকারী ক্লাস্টারের উদ্যোক্তাদের নিয়ে বাটা'র কারখানা পরিদর্শন




৩০ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চামড়াজাত পণ্য উৎপাদনকারী ক্লাস্টারের উদ্যোক্তাদের নিয়ে গাজীপুরের টঙ্গীতে বাটা'র কারখানা পরিদর্শন এবং ম্যাচমেকিং কর্মসূচি আয়োজন করা হয়। কর্মসূচিতে চট্টগ্রামের পূর্ব মাদারবাড়ী লেদার ক্লাস্টার এবং ঢাকার হাজারীবাগ লেদার ক্লাস্টারের ১২জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উদ্যোক্তারা বাটা'র পণ্য, উৎপাদন পদ্ধতি, টেকনোলজি, ইনভেন্টরি, কোয়ালিটি কন্ট্রোল, কাঁচামাল, পণ্য ও কাঁচামালের বাজার, উৎপাদন প্রক্রিয়া থেকে শুরু করে পণ্য বাজারজাতকরণ পর্যন্ত বিভিন্ন ধাপ সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করেন।

## যশোরে ৪টি এসএমই ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়



০১ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে যশোর নকশি ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। মতবিনিময় সভায় উদ্যোক্তারা ক্লাস্টারে উৎপাদিত পণ্য তৈরিতে আধুনিক ডিজাইন, স্কিন ও ব্লক প্রিন্টিং, ট্রেসিং মেকিং টেকনিক প্রশিক্ষণ, সমজাতীয় নকশি ক্লাস্টারে এক্সপোজার ভিজিটের ব্যবস্থা, ডিসপ্লে সেন্টার স্থাপন, বাজার সংযোগ, দেশি ও আন্তর্জাতিক মেলায় অংগ্রহণের সুযোগ, স্বল্প সুদে ঋণ এবং যুগোপযোগী প্রশিক্ষণ প্রাপ্তিতে ফাউন্ডেশনের সহযোগিতা চান। ০২ জুন ২০২৫ যশোরের নকশিকাঁথা ক্লাস্টার, নরেন্দ্রপুর লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার, ক্রিকেট ব্যাট ক্লাস্টার এবং কেশবপুর হ্যান্ডিক্রাফট ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান এবং ব্যবস্থাপক অসীম কুমার হালদারসহ ক্লাস্টারের উদ্যোক্তাবৃন্দ। সভায় ক্লাস্টারের উদ্যোক্তারা স্বল্প সুদে ঋণ এবং যুগোপযোগী প্রশিক্ষণ প্রাপ্তিতে ফাউন্ডেশনের সহযোগিতা চান।

## এসএমই ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা আয়োজন ও ক্লাস্টারে তৈরি পণ্য প্রদর্শনী



১৯ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে সারা দেশের এসএমই ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা আয়োজন ও ক্লাস্টারে তৈরি পণ্য প্রদর্শনী আয়োজন করা হয়। মতবিনিময় সভায় ক্লাস্টারসমূহে এসএমই ফাউন্ডেশনের চলমান ও ভবিষ্যত কার্যক্রম সম্পর্কে অংশীজনদের অবহিত করা হয় এবং ক্লাস্টারের নেতৃস্থানীয় উদ্যোক্তারা তাদের ব্যবসার বর্তমান অবস্থা তুলে ধরেন।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার ও ফারজানা খান এবং মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। সভা সঞ্চালনা করেন আবু মঞ্জুর সাঈফ, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। মতবিনিময় সভায় ক্লাস্টারসমূহে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানের উপায়সমূহ সম্পর্কে আলোচনা ও পরবর্তী অর্থবছরের কর্মপরিকল্পনা প্রণয়নে পরামর্শ গ্রহণ করা হয়। ঐতিহ্যবাহী তাঁতশিল্পের জন্য প্রসিদ্ধ শাহজাদপুর তাঁত শিল্প ক্লাস্টার, সাটুরিয়া তাঁত শিল্প ক্লাস্টার, মিরপুর বেনারসি ক্লাস্টার, কুমারখালী টেক্সটাইল মিল ক্লাস্টার, সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস ক্লাস্টার, গোবিন্দগঞ্জ হোসিয়ারি ক্লাস্টার, শাওইল হ্যান্ডলুম ক্লাস্টার; নকশিকাথাঁর জন্য স্বনামধন্য রাজশাহী নকশিকাঁথা ক্লাস্টার, জামালপুর নকশিকাঁথা ক্লাস্টার, যশোর নকশিকাঁথা ক্লাস্টার; পাদুকা শিল্পের জন্য অগ্রগন্য ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টার, পূর্বমাদারবাড়ি লেদার ক্লাস্টার; লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টর থেকে বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার, যশোর লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার, শ্যামপুর-কদমতলী ইলেকট্রিক্যাল পণ্য ক্লাস্টার এবং অন্যান্য খাতের মধ্যে নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টার, বাউফল মৃৎশিল্প ক্লাস্টার, নলতা গজ-ব্যান্ডেজ শিল্প ক্লাস্টার, সুজানগর আগর আতর ক্লাস্টার, কেশবপুর হ্যান্ডিক্রাফট ক্লাস্টার, নলছিটি শীতলপাটি ক্লাস্টার, ঘিওর বাঁশ-বেত শিল্প ক্লাস্টারসহ ২৬টি ক্লাস্টারের প্রায় ৪৯জন নেতৃস্থানীয় উদ্যোক্তা মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন। সভা শেষে ক্লাস্টার প্রতিনিধিগণ তাদের তৈরিকৃত পণ্য প্রদর্শন করেন। এসময় এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান প্রদর্শনী ঘুরে দেখেন এবং প্রদর্শিত পণ্যের ভূয়সী প্রশংসা করে তিনি উদ্যোক্তাদের পণ্যের মানোন্নয়ের মাধ্যমে এসএমই খাতকে আরও শক্তিশালী করার আহবান জানান।

## 'SMEs' Readiness for Internationalization through Skills Enhancement (SME-RISE)' কর্মসূচি



২২ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের 'SMEs' Readiness for Internationalization through Skills Enhancement (SME-RISE)' কর্মসূচির আওতায় কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাত খাতের উদ্যোক্তাদের নিয়ে ঢাকার উত্তরায় রপ্তানিমুখী প্রতিষ্ঠান প্রমি অ্যাগ্রো ফুডস সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে উদ্যোক্তাদের প্রমি অ্যাগ্রো ফুডস-এর উৎপাদন ব্যবস্থা, প্যাকেজিং, কাঁচামাল, রপ্তানি পণ্য প্রক্রিয়া, পণ্যের দেশীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ, সমস্যা ও সম্ভাবনা নিয়ে অভিজ্ঞতা বিনিময় করা হয়। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক ফাহিম-বিন-আসমত, সহকারী মহাব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন এবং প্রমি অ্যাগ্রো ফুডস-এর রপ্তানি বিভাগের কর্মকর্তাবৃন্দ।

## এসএমই উদ্যোক্তাদের উন্নয়নে একসাথে কাজ করবে এসএমই ফাউন্ডেশন এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন



২১ এপ্রিল ২০২৫ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক মোহাম্মদ এজাজের সাথে মতবিনিময় করে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমানের নেতৃত্বে একটি প্রতিনিধিদল। সভায় এসএমই উদ্যোক্তাদের জন্য 'ঢাকা হাট' স্থাপন এবং ঢাকার ১ লাখ হকারকে পুনর্বাসন ও প্রশিক্ষণে একসাথে কাজ করতে সম্মত হয় এসএমই ফাউন্ডেশন এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। সভায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা আবু সাঈদ মো. কামরুজ্জামান এনডিসি এবং এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ সদস্য ড. মেলিতা মেহজাবীন, ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক নাজিম হাসান সাত্তার ও ফারজানা খান, মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও মো. আব্দুস সালাম সরদার এবং উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মোরশেদ আলম উপস্থিত ছিলেন।

## 'এসএমই-বান্ধব বাজেট প্রস্তাবনা ২০২৫-২৬' মতবিনিময়




১৩ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং অর্থনৈতিক প্রতিবেদকদের সংগঠন-ইআরএফ-এর সহযোগিতায় 'এসএমই-বান্ধব বাজেট প্রস্তাবনা ২০২৫-২৬' মতবিনিময় সভা আয়োজন করা হয়। দেশের এসএমই খাতের উন্নয়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড-এনবিআর-এর কাছে ইতোমধ্যে ১৪০টি প্রস্তাব দেয়া হয়েছে বলে জানান এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। ইআরএফ-এর ভারপ্রাপ্ত সভাপতি আশরাফুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য ও বিপিজিএমইএ সভাপতি সামিম আহমেদ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন।

## এসএমই খাতের উন্নয়নে ৫ বছর মেয়াদী কৌশলগত কর্মপরিকল্পনা তৈরির লক্ষ্যে অংশীজন সভা






৩০ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এ উপলক্ষ্যে বাংলাদেশের এসএমই খাতের উন্নয়নে ৫ বছর মেয়াদী কৌশলগত কর্মপরিকল্পনা তৈরির লক্ষ্যে অংশীজন সভা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমানের সভাপতিত্বে সভায় বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী ও মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার এবং জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী। দেশের ১ কোটি ১৮ লাখের বেশি সিএমএসএমই উদ্যোক্তার চাহিদার তুলনায় পর্যাপ্ত নয় উল্লেখ করে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম আরো বাড়াতে সরকারের সহায়তা বাড়ানোর পরামর্শ দেয়া হয় সভায়। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান বলেন, শিল্প মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় সংশ্লিষ্ট অংশীজনের পরামর্শক্রমে দেশের এসএমই খাতের উন্নয়নে শিগগিরই চূড়ান্ত করা হবে এসএমই নীতিমালা ২০২৫। বাংলাদেশের এসএমই খাত ও উদ্যোক্তাদের স্বার্থ সুরক্ষাই এসএমই ফাউন্ডেশনের অগ্রাধিকার। সভায় অংশ নিয়ে এসএমই ফাউন্ডেশনের পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনা তৈরিতে গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করেন এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি দপ্তর, ট্রেডবডি, অ্যাসোসিয়েশন, চেম্বার, ক্লাস্টার, অ্যাকাডেমিয়া, খাত বিশেষজ্ঞ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ফিনটেক ও উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি এবং এসএমই উদ্যোক্তাগণ।

## 'জিআই নিবন্ধনে সচেতনতা বৃদ্ধি' কর্মশালা



০৭ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'জিআই নিবন্ধনে সচেতনতা বৃদ্ধি' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদের জিআই নিবন্ধনের প্রয়োজনীয়তা, প্রক্রিয়া এবং ভবিষ্যত সম্ভাবনা সম্পর্কে ধারণা এবং জিআই আবেদন সম্পর্কে অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। কর্মশালায় ৩৫জন উদ্যোক্তা অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)-এর ভারপ্রাপ্ত মহাপরিচালক মাকসুরা নূর, এনডিসি। সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। কর্মশালায় কি-নোট স্পিকার ছিলেন ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান, পরিচালক, পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর। বাংলাদেশ ইতোমধ্যে ৫৫টি পণ্যকে জিআই স্বীকৃতি প্রদান করেছে, যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে জামদানি, রাজশাহীর সিল্ক, শীতলপাটি, এবং নাটোরের কাঁচাগোল্লা।

## গণমাধ্যমের প্রতিনিধিসহ এসএমই ক্লাস্টার পরিদর্শন



২৫-২৭ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই ক্লাস্টার ও উদ্যোক্তাদের সম্ভাবনা ও চ্যালেঞ্জ তুলে ধরার লক্ষ্যে গণমাধ্যমের প্রতিনিধিদের নিয়ে বগুড়ার আদমদীঘি শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টার ও লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার এবং গাইবান্ধার গোবিন্দগঞ্জ হোসিয়ারি ক্লাস্টার পরিদর্শন কর্মসূচি আয়োজন করা হয়। কর্মসূচিতে এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মোরশেদ আলম, ব্যবস্থাপক অসীম কুমার হালদার এবং বাংলাদেশ টেলিভিশনের রিপোর্টার দিনার সুলতানা, যমুনা টিভির রিমন রহমান, ডিবিসি নিউজের ইউসুফ আলী, প্রথম আলোর রিশাদ অর্ণব, বণিক বার্তার ফারিন জাহান সিগমা ও ডেইলি সান পত্রিকার প্রতিনিধি মৌসুমী ইসলাম অংশগ্রহণ করেন। পরিদর্শন পরবর্তীতে ক্লাস্টারসমূহের সম্ভাবনা ও চ্যালেঞ্জ প্রতিবেদন প্রচারিত ও প্রকাশিত হয়।

## ‘Promoting Movable Asset Financing for SMEs in Bangladesh’ কর্মশালা




২৪ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশন এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন-আইএফসি’র উদ্যোগে ঢাকায় ‘Promoting Movable Asset Financing for SMEs in Bangladesh’ কর্মশালা আয়োজন করা হয়। আইএফসি’র কান্ট্রি ম্যানেজার মার্টিন হল্টম্যান-এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী ও উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রশিদুল হাসান, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর নুরুন নাহার এবং আইএফসি’র অনন্যা ওয়াহিদ কাদের। কর্মশালার প্যানেল আলোচনায় জানানো হয়, এসএমই উদ্যোক্তাদের মধ্যে গ্রামীণ ও অনানুষ্ঠানিক খাতের এবং নারী-উদ্যোক্তাদের স্থাবর সম্পত্তি না থাকায় ব্যবসা শুরু বা বৃদ্ধির ক্ষেত্রে বাধাগস্ত হন। এই বিষয়ে ব্যাংকার, আইনজীবী এবং এসএমই উদ্যোক্তাদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই কর্মশালা আয়োজন করে এসএমই ফাউন্ডেশন এবং আইএফসি।

## ‘Supply Chain Financing to alternative Finance for SMEs’ শীর্ষক কর্মশালা



এসএমই ফাউন্ডেশন উদ্যোক্তাদের আর্থিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ক্রেডিট সার্ভিস প্রদানের পাশাপাশি বিকল্প অর্থায়ন পদ্ধতি সমূহের সম্ভাবনা সম্পর্কে সচেতনতা সৃষ্টি এবং অর্থায়নের মূলধারায় আনয়ন করার উদ্দেশ্যে ২৯ মে ২০২৫ ঢাকায় এসএমই ফাউন্ডেশনের কার্যালয়ে সাপ্লাই চেইন ফাইনান্স-এর বর্তমান প্রেক্ষাপট, চ্যালেঞ্জ এবং একটি কৌশলগত রোডম্যাপ প্রণয়নের লক্ষ্যে ‘Supply Chain Financing to alternative Finance for SMEs’ শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের সাপ্লাই চেইন ফাইনান্স বিভাগের প্রধানগণ, দেশীয় শীর্ষস্থানীয় কর্পোরেট প্রতিষ্ঠান যেমন এপেক্স, প্রাণ-আরএফএল, আড়ং, ইউনিলিভার, বিকাশ ও ইউনিমার্ট-এর প্রতিনিধিবৃন্দ এবং বিভিন্ন খাতের এসএমই উদ্যোক্তারা অংশগ্রহণ করেন।

## ‘Export Finance & Documentation’ প্রশিক্ষণ



২০-২১ মে ২০২৫ ‘Readiness for Internationalization through Skill Enhancement (RISE)’ কর্মসূচির আওতায় এসএমই ফাউন্ডেনের উদ্যোগে ঢাকায় ‘Export Finance & Documentation’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে পাটজাত, হস্তশিল্প, কৃষি প্রক্রিয়াজাত পণ্য, চামড়াজাত পণ্যসহ বিভিন্ন খাতের ৩০জন ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে Export Documentation, Payment, Logistics, Finance & Risk Management বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষক ছিলেন এক্সপোর্ট সেবা’র স্বত্ত্বাধিকারী জাহিদ হাসান এবং মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের কর্মকর্তা মো. জাকির হোসেন।

## এসএমই ফাউন্ডেশন ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)-এর উদ্যোগে কর্মশালা



১৫ মে ২০২৫ জলবায়ু পরিবর্তনের প্রভাবে ঝুঁকিগ্রস্ত সিএমএসএমই উদ্যোক্তাদের ঋণের আওতায় আনার পাশাপাশি জলবায়ু পরিবর্তনের প্রভাবে ঝুঁকিগ্রস্ত সিএমএসএমই উদ্যোক্তাদের সহায়তার লক্ষ্যে বিশেষ মডেল কর্মসূচি চালুর লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)-এর উদ্যোগে কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর নুরুন নাহার এবং অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সাঈদ কুতুব। বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক নাজিম হাসান সাত্তার এবং ইউএনডিপি’র উপ-আবাসিক প্রতিনিধি সোনালী দায়ারাত্নে এবং সংস্থাটির আন্তর্জাতিক বিশেষজ্ঞবৃন্দ। বাংলাদেশে প্রথমবারের মতো জলবায়ু পরিবর্তনের প্রভাবে সম্ভাব্য ঝুঁকিগ্রস্ত কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (সিএমএসএমই) সহায়তায় ব্লেন্ডেড ফাইন্যান্স সুবিধা প্রবর্তনের লক্ষ্যে একটি মডেল কর্মসূচি প্রণয়নের উদ্যোগ নিয়েছে এসএমই ফাউন্ডেশন এবং ইউএনডিপি।

## ‘Bankable Project Proposal Preparation for SMEs’ প্রশিক্ষণ




১৮-১৯ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বাগেরহাট জেলায় ‘Bankable Project Proposal Preparation for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে বাগেরহাট জেলার ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাটের উপপরিচালক মো. আব্দুল কাদের।

## ‘Export Readiness’ শীর্ষক প্রশিক্ষণ




‘Readiness for Internationalization through Skill Enhancement (RISE)’ কর্মসূচির আওতায় এসএমই ফাউন্ডেনের উদ্যোগে ঢাকায় ২২-২৪ এপ্রিল ২০২৫ ‘Export Readiness’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্বোধন করেন রপ্তানি উন্নয়ন ব্যুরো’র ভাইস চেয়ারম্যান মো. আনোয়ার হোসেন। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বেবী রাণী কর্মকার, মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো ও মো. নাজিম হাসান সাত্তার, উপব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক ফাহিম-বিন-আসমত ও সঞ্চালনা করেন সহকারী মহাব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন। প্রশিক্ষণে পাটজাত, হস্তশিল্প, কৃষি প্রক্রিয়াজাত পণ্য, চামড়াজাত পণ্যসহ বিভিন্ন খাতের ৩০জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উল্লেখ্য, কর্মসূচির আওতায় বছরব্যাপী বিভিন্ন সহযোগিতার মাধ্যমে উদ্যোক্তাদের রপ্তানি সক্ষমতা বৃদ্ধি করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## পরিবেশ মেলায় উদ্যোক্তাদের পরিবেশবান্ধব পণ্য নিয়ে এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ



ফাউন্ডেশনের স্টল পরিদর্শন করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান



পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের সাথে ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ

বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে শেরে বাংলা নগরের পুরাতন আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে পরিবেশ অধিদপ্তরের উদ্যোগে ২৫-২৭ জুন ২০২৫ পর্যন্ত বিশেষ পরিবেশ মেলার আয়োজন করা হয়। ২৫ জুন ২০২৫ রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস 'পরিবেশ মেলা ২০২৫' ও জাতীয় বৃক্ষরোপণ অভিযান এবং বৃক্ষমেলা উদ্বোধন করেন। এই আয়োজনে এসএমই ফাউন্ডেশনের সহায়তায় প্লাস্টিকের বিকল্প পণ্য প্রস্তুতকারী ও বিকল্প প্রযুক্তি ব্যবহারকারী ২৫জন উদ্যোক্তা বিনামূল্যে পণ্য প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পেয়েছেন। মেলা প্রাঙ্গণ ও এসএমই ফাউন্ডেশনের স্টল পরিদর্শন করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। উল্লেখ্য, বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের উদ্যোগে আয়োজিত পরিবেশ মেলায় এসএমই ফাউন্ডেশন প্রথম স্থান অর্জন করে।

## 'রাজশাহী বিভাগের ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতের উন্নয়নে চলমান বিভিন্ন কার্যক্রম এবং ভবিষ্যতে করণীয়' মতবিনিময় সভা



১৬ মে ২০২৫ 'রাজশাহী বিভাগের ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতের উন্নয়নে চলমান বিভিন্ন কার্যক্রম এবং ভবিষ্যতে করণীয়' শীর্ষক মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় শিল্প মন্ত্রণালয়ের সচিব মো. ওবায়দুর রহমান, অতিরিক্ত সচিব রাশিদুল হাসান, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ এনডিসি এবং জেলা প্রশাসক আফিয়া আখতার উপস্থিত ছিলেন।

## চীনের কুনমিং মেলায় ফাউন্ডেশনের সহায়তায় ১৫টি এসএমই প্রতিষ্ঠানের অংশগ্রহণ




এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় ও এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (ইপিবি)-এর উদ্যোগে চীনের ইউনান প্রদেশের কুনমিং শহরে 'The 9th China South Asia Expo and 29th China Kunming Import & Export Fair 2025' মেলায় ফাউন্ডেশনের সহায়তায় ১৫টি এসএমই প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে। ১৯-২৫ জুন ২০২৫ আয়োজিত এক্সিবিশনে রপ্তানি সম্ভবানাময় চামড়াজাত, পাটজাত, হস্তশিল্প, ফ্যাশন খাতের অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ হচ্ছে, ফ্যাশনিস্তা, আস্থা জুট অ্যান্ড হ্যান্ডিক্রাফটস, ওয়েফেয়ার, বেনে, বিদোরা, এডকনঅরা, ফেস্ট ডিলস, ফার্নিকম, পল্লীক্র্যাফটস, রেস টেকনোলজি, শাবাব লেদার, থ্রী টেক, উঠান, স্বপ্নিল হাউজ ও মেখলা। মেলায় উদ্যোক্তারা আশানুরূপ বিক্রয় এবং অর্ডার পেয়েছেন।

## এসএমই ফাউন্ডেশন ও রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) একযোগে কাজ করবে



এসএমই উদ্যোক্তাদের উন্নয়নে একসাথে কাজ করবে এসএমই ফাউন্ডেশন ও রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)। ২২ এপ্রিল ২০২৫ এক মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ইপিবি'র ভাইস চেয়ারম্যান মো. আনোয়ার হোসেন, মহাপরিচালক বেবী রাণী কর্মকার ও পরিচালক আবু মোখলেছ আলমগীর হোসেন এবং এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার ও ফারজানা খান, মহাব্যবস্থাপক জাহাঙ্গীর হোসেন ও আব্দুস সালাম সরদার, উপমহাব্যবস্থাপক ফাহিম-বিন-আসমত এবং সহকারী মহাব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন।

## 'টুগেদার উই অল: প্রটেক্টিং রাইটস অ্যান্ড এমপাওয়ারিং উইমেন মাইগ্র্যান্ট' কর্মশালা




০৭ এপ্রিল ২০২৫ বুধবার 'টুগেদার উই অল: প্রটেক্টিং রাইটস অ্যান্ড এমপাওয়ারিং উইমেন মাইগ্র্যান্ট' কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান জানান, এসএমই ফাউন্ডেশন বিদেশফেরত নারীদের উদ্যোক্তা তৈরি, প্রশিক্ষণ ও অর্থ সহায়তার জন্য কাজ করবে। বেসরকারি সংস্থা ব্র্যাকের মাইগ্রেশন প্রোগ্রাম এ কর্মশালার আয়োজন করে। নারী অভিবাসীদের অধিকার সুরক্ষা ও ক্ষমতায়নে সরকারি ও বেসরকারি পর্যায়ে প্রযুক্তিগত, আইনি ও আর্থিক সহায়তা প্রদানকারী অংশীজনদের একত্র করে অভিবাসীদের সক্ষমতা বৃদ্ধি করতে এই কর্মশালার আয়োজন করা হয়। বিশেষ অতিথি ছিলেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ) মো. সাইফুল হক চৌধুরী। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ও ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডের রাইজ প্রকল্পের পরিচালক এ টি এম মাহবুব-উল-করিম, বেসরকারি সংস্থা মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম, রিক্রুটিং এজেন্সি মালিকদের সংগঠন বায়রা (বায়রা) মহাসচিব আলী হায়দার চৌধুরী, বাংলাদেশ ফেডারেশন অব উইমেন এন্ট্রাপ্রেনিউরসের সভাপতি রুবিনা হোসেন, আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) ন্যাশনাল প্রোগ্রাম ম্যানেজার রাহনুমা সালাম খান, আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) প্রোগ্রাম সহকারী আমরিন জামান।

## ‘Productivity and Quality Improvement in SMEs through KAIZEN’ প্রশিক্ষণ



১২-২২ মে ২০২৫ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Productivity and Quality Improvement in SMEs through KAIZEN’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। এমএসএমই খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য বিশ্বব্যাপী স্বীকৃত কৌশল কাইজেন-এর মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি, কর্মপরিবেশের উন্নয়ন এবং অপচয় হ্রাস করা সম্ভব। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জাইকার সহযোগিতায় প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান এবং উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান। জুলাই-নভেম্বর ২০২৫ নির্বাচিত কারখানাগুলোতে কাইজেন প্রকল্প বাস্তবায়ন করবে এসএমই ফাউন্ডেশন।

## বগুড়ায় ‘লাইট ইঞ্জিনিয়ারিং পণ্যের মানোন্নয়ন’ প্রশিক্ষণ

১১-১৩ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টারের সহযোগিতায় বগুড়ায় ‘লাইট ইঞ্জিনিয়ারিং পণ্যের মানোন্নয়ন’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টারে প্রায় ৭০০ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, ৫০০ কৃষি যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উৎপাদন কেন্দ্র ও ৭৫টি ফাউন্ড্রি রয়েছে। ২০১৫ সাল থেকে এসএমই ফাউন্ডেশন এই ক্লাস্টারে উদ্যোক্তা উন্নয়ন, ব্যবসায় ব্যবস্থাপনা, হিসাবরক্ষণ, মেল্টিং ও মোল্ডিং-এর যথাযথ ব্যবহার, আধুনিক যন্ত্রপাতির সঠিক ব্যবহারসহ অসংখ্য প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করেছে।

## লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প ক্লাস্টারে আন্তঃক্লাস্টার অভিজ্ঞতা বিনিময়

১৭ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে হবিগঞ্জের শায়েস্তাগঞ্জ লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প ক্লাস্টারের প্রতিনিধিদের নিয়ে যশোর লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প ক্লাস্টারে আন্তঃক্লাস্টার কার্যপরিচিতি ও অভিজ্ঞতা বিনিময় কর্মসূচি আয়োজন করা হয়। হবিগঞ্জের শায়েস্তাগঞ্জ লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প ক্লাস্টারের ১১জন উদ্যোক্তা যশোর লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প ক্লাস্টারের বিভিন্ন ফ্যাক্টরি পরিদর্শন করেন এবং পণ্য, টেকনোলোজি, কাঁচামাল, পণ্য ও কাঁচামালের বাজার, উৎপাদন প্রক্রিয়া থেকে শুরু করে পণ্য বাজারজাতকরণ পর্যন্ত বিভিন্ন ধাপ সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করেন। এক্সপোজার ভিজিট কর্মসূচি ক্লাস্টারসমূহের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক সৃষ্টির পাশাপাশি পণ্য, কাঁচামাল, টেকনোলোজি হস্তান্তরে বিশেষ ভূমিকা পালন করবে মর্মে আশা করা যায়।

## ‘চামড়াজাত পণ্য উৎপাদনে আধুনিক প্রযুক্তি এবং কারিগরি ব্যবস্থাপনা’ কারিগরি প্রশিক্ষণ



২৭ এপ্রিল-০৮ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চামড়া গবেষণা ইনস্টিটিউট (এলআরআই), নয়ারহাট, সাভারে ‘চামড়াজাত পণ্য উৎপাদনে আধুনিক প্রযুক্তি এবং কারিগরি ব্যবস্থাপনা’ শীর্ষক কারিগরি প্রশিক্ষণ আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চামড়া গবেষণা ইনস্টিটিউট (এলআরআই)-এর কারিগরি সহযোগিতায় চামড়াজাত পণ্যে শিল্পের ১৫জন সম্ভাবনাময় উদ্যোক্তার অংশগ্রহণে অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রশিক্ষক ছিলেন চামড়া গবেষণা ইনস্টিটিউটের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকৌশলীগণ। প্রশিক্ষণে চামড়াজাত পণ্য উৎপাদনে আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং কারিগরি ব্যবস্থাপনা বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক ধারণা প্রদান করা হয়। সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন লেদার রিসার্চ ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত কর্মকর্তা সালমা আহমেদ এবং এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক ইঞ্জিনিয়ার মুহাম্মদ খালেদুজ্জামান তালুকদার। ১৬-২৬ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চামড়া গবেষণা ইনস্টিটিউট (এলআরআই), নয়ারহাট, সাভারে ‘চামড়াজাত পাদুকা উৎপাদনে আধুনিক প্রযুক্তি এবং কারিগরি ব্যবস্থাপনা’ কারিগরি প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ‘কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পে FSMS - ISO 22000 বাস্তবায়ন’ ডিসেমিনেশন কর্মশালা



২৬ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের সভাকক্ষে ‘কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পে FSMS - ISO 22000 বাস্তবায়ন’ Dessemination কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি অনুশীলনে এসএমইদেরকে উদ্বুদ্ধকরণ, দেশীয় মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহকে FSMS-ISO 22000:2018 বাস্তবায়নের গুরুত্ব, প্রয়োজনীয়তা, বাস্তবায়নে ধাপসমূহ, বাস্তবায়নে জটিলতা এবং ফাউন্ডেশনের সহযোগিতা বিষয়ে আলোচনা ও দিক নির্দেশনা প্রদান করা হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। অতিথি ছিলেন মো. বিল্লাল হোসাইন, সিইও, বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা), মো. হাফিজুর রহমান, সেক্রেটারি, বাংলাদেশ ফল, সবজি ও সামগ্রী রপ্তানিকারক সমিতি (BFVAPEA) এবং সেশন পরিচালনা করেন মো. ইমরুল হাসান, কান্ট্রি লিড, Alcumus Bangladesh।

## ‘বয়লার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা’ প্রশিক্ষণ



২৪-৩০ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নওগাঁ অটোমেটিক রাইস মিল মালিক সমিতির কার্যালয়ে ‘বয়লার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ খালেদুজ্জামান তালুকদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এ. এইচ. ইরফান উদ্দিন আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)। সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন মো. তৌফিকুল ইসলাম বাবু, সাধারণ সম্পাদক, নওগাঁ জেলা অটোমেটিক রাইস মিল মালিক সমিতি।

## ‘3D প্রিন্টিং টেকনোলজি’ ডেমনস্ট্রেশন কর্মশালা



এমএসএমই উদ্যোক্তাদের পণ্য ও সেবার মানোন্নয়ন, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং সর্বোপরি প্রতিযোগিতা সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে ১৯ জুন ২০২৫ বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), ঢাকায় ‘3D প্রিন্টিং টেকনোলজি’ ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিটাকের মহাপরিচালক পরিমল সিংহ। জাতীয় শিল্পনীতি ২০২২ এর রপ্তানি বহুমুখীকরণ শিল্প ও বিশেষ উন্নয়নমূলক শিল্প খাতের এমএসএমই উদ্যোক্তা/ প্রতিনিধি, অ্যাসোসিয়েশন নেতৃবৃন্দ ও অন্যান্য অংশীজনের অংশগ্রহণে কর্মশালায় ৪র্থ শিল্প বিপ্লব, এর সুফল, সম্ভাবনা ও চ্যালেঞ্জ, অ্যাডিটিভ ম্যানুফ্যাকচারিং তথা থ্রি-ডি প্রিন্টিং কী, এর সুফল, সম্ভাবনা ও চ্যালেঞ্জ, প্রায়োগিক ব্যবহার, এমএসএমই-তে বাস্তবায়ন কৌশল ও করণীয় বিষয়ে প্রাথমিক ধারণা ও ডেমনস্ট্রেশন প্রদান করা হয়। রিসোর্সপার্সন ছিলেন পরিচালক ড. মো. জালাল উদ্দিন, পিইঞ্জ এবং নির্বাহী প্রকৌশলী মীর মো. আনিসুজ্জামান। ডেমনস্ট্রেশন কার্যক্রম পরিচালনা করেন সহকারী প্রকৌশলী পুলক কান্তি রায় এবং সহকারী প্রকৌশলী ছবিউল আলম।

## নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান উদ্যোক্তাদের জন্য
# এসএমই ফাউন্ডেশনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম

ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চল/এসএমই ক্লাস্টার/অ্যাসোসিয়েশন/ট্রেডবডি/চেম্বারের চাহিদার প্রেক্ষিতে দেশব্যাপী সম্ভাবনাময় নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান এসএমই উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধিতে এবং এসএমই খাতের উন্নয়নে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন নানা ধরনের প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। এপ্রিল-জুন ২০২৫-এ ফাউন্ডেশন আয়োজিত ৪৪টি প্রশিক্ষণে ১২৫৮জন (নারী: ৭২৬, পুরুষ: ৫০২, অটিজম: ৩০) উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উল্লেখ্যযোগ্য প্রশিক্ষণের বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

## ঢাকায় 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ





২১ এপ্রিল-১৫ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ঢাকা, রংপুর, বগুড়া, ময়মনসিংহ, টাঙ্গাইল, নওগাঁ, দিনাজপুর, সিলেট, বরিশাল এবং চট্টগ্রামের ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার এবং সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে পাটজাত পণ্যের ইতিহাস এবং প্রকারভেদ, যন্ত্রাংশ ব্যবহারের মৌলিক কৌশল, কাঁচামালের উৎস এবং পাটের কাপড় চেনার উপায়, পাটজাত পণ্যের বহুমুখীকরণ, জুট টোয়াইন ও ম্যাক্রোম, স্কেচিং ও প্যাটার্ন মেকিং, বিভিন্ন ধরনের ব্যাগ এবং হ্যান্ডিক্রাফটস তৈরি, ব্রান্ডিং, প্যাকেজিং ও বিজনেস কোচিং, আন্তর্জাতিক বাজারে প্রবেশে করণীয় এবং পণ্যের মূল্য নির্ধারণ, নিরীক্ষণ ও হিসারক্ষণ পদ্ধতি বিষয়ে বিস্তারিত হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী দিনে শতভাগ পাটজাত পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানের কার্যক্রম এবং এ সংক্রান্ত প্রতিকূল পরিস্থিতি মোকাবেলায় করণীয় বিষয়ে অভিজ্ঞতা শেয়ার করেন বেঙ্গল ব্রেইডেড রাগস লি. এর কর্নধার ও ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য শাহেদুল ইসলাম হেলাল। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী সনদ বিতরণ করেন। অতিথিবৃন্দ ২০দিনব্যাপী অনুষ্ঠিত প্রশিক্ষণে তৈরিকৃত পণ্য পরিদর্শন করেন। এসময় ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. রাকিব উদ্দীন খান, সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী উপস্থিত ছিলেন।

## 'Branding and Marketing' শীর্ষক প্রশিক্ষণ




২৮-৩০ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের ব্র্যান্ডিং ও মার্কেটিং বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'Branding and Marketing' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন জনাব ফেরদৌস আহমেদ, লিড কনসালটেন্ট, ইকে ম্যানেজমেন্ট কনসাল্টিং। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক জনাব মো. আব্বাস আলী ও জনাব সৈয়দা সুলতানা ইয়াসমিন। প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করা হয়। ইনকিউবেটি ছাড়াও কয়েকজন সম্ভাবনাময় উদ্যোক্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের মাধ্যমে ইনকিউবেটিবৃন্দ ব্রান্ডিং ও মার্কেটিং-এর উপর তাদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করে স্বীয় প্রতিষ্ঠানের উন্নয়নে ভূমিকা রাখতে পারবেন।

## 'Marketing Management for SMEs' প্রশিক্ষণ




৩০ জুন-০২ জুলাই ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের মার্কেটিং বিষয়ে দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে 'Marketing Management for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের মাধ্যমে ইনকিউবেটিরা টার্গেট ক্লায়েন্টের কাছে পৌঁছানোর জন্য বিভিন্ন ধরনের মার্কেটিং টেকনিক রপ্ত করেন। ইনকিউবেটি ছাড়াও কয়েকজন সম্ভাবনাময় উদ্যোক্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন ফিউচার আইকনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব ইউসুফ ইফতি। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক জনাব সৈয়দা সুলতানা ইয়াসমিন। প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করা হয়।

## 'অফিস ব্যবস্থাপনা' প্রশিক্ষণ



১৬-১৭ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য 'অফিস ব্যবস্থাপনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ইনকিউবেটিদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের ধারাবাহিকতায় আয়োজিত প্রশিক্ষণ অফিস ব্যবস্থাপনার নীতি ও বিভিন্ন কলা কৌশলের উপর তাদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করে স্বীয় প্রতিষ্ঠান সফলভাবে পরিচালনা সম্পর্কে ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন মামুন মুজতাবা, ব্যবস্থাপনা উপদেষ্টা, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

## ইনকিউবেটি উদ্যোক্তাদের সরেজমিন কারখানা পরিদর্শন



০৭ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশন পরিচালিত ইনকিবিউশন সেন্টারের ইনকিউবেটি উদ্যোক্তাদের ব্যবসা ব্যবস্থাপনায় সরেজমিন জ্ঞানার্জনের উদ্দেশ্যে বিডি ক্রিয়েশন, পূবাইল, গাজীপুর পরিদর্শন কার্যক্রম বাস্তবায়ন করা হয়। প্রতিষ্ঠানটি বাংলাদেশের হ্যান্ডিক্রাফটের ১০০% রপ্তানিযোগ্য প্রতিষ্ঠান এবং ২০১৭ সালে জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার (মাঝারি) বিজয়ী। পরিদর্শনের সময় উদ্যোক্তাগণ সফল উদ্যোক্তার ক্রাইটেরিয়া, ফ্যাক্টরি সেট-আপ, কর্মী ব্যবস্থাপনা, বায়ার কমিউনিকেশন টেকনিক, ব্যবসা প্রসারে প্রচার-প্রচারণা, বাজারজাতকরণ টেকনিক, কাঁচামালের উৎস ও সংগ্রহ বিষয়ে দিক নির্দেশনা পেয়েছেন। উদ্যোক্তাদের সঙ্গে ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন ও উপব্যবস্থাপক নাজমুল ইসলাম।

## ‘নতুন ব্যবসা সৃষ্টি’ প্রশিক্ষণ






২০-২৪ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ‘নতুন ব্যবসা সৃষ্টি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ব্যবসায়িক ধারণা ও ব্যবসায় বাছাই, ব্যবসায় পরিকল্পনা তৈরি, ব্যবসায় চক্র ও ব্যবসায় ব্যবস্থায়, চাহিদা ও যোগান, বাজারজাতকরণ কৌশল, খরচ ও মুল্য নির্ধারণ পদ্ধতি, ব্যবসায় SWOT বিশ্লেষণ, ব্যবসায়িক যোগাযোগ, বিক্রয় কৌশল ইত্যাদি বিষয়ে বিস্তারিত ধারণা দেয়া হয়। প্রশিক্ষণে ঢাকা ছাড়াও রাজশাহী, খুলনা ও গাজীপুর জেলার ৩০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার, উপমহাব্যবস্থাপক রাকিব উদ্দিন খান, সহকারী মহাব্যবস্থাক মো. আব্বাস আলী উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

১৮-২২ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় সিলেটে ‘ব্লক-বাটিক ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিলেট চেম্বারের প্রশাসক অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ফারজানা আক্তার মিতা। অনুষ্ঠানে অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপক সাজু বড়ুয়া এবং সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. পারভেজ।

২৫-২৯ মে ২০২৫এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং উইমেন এন্ট্রাপ্রিনিউরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব)-এর সহযোগিতায় ঢাকায় ‘নতুন ব্যবসা সৃষ্টি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। সভাপতিত্ব করেন ওয়েব-এর প্রেসিডেন্ট এবং এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য নাসরিন ফাতেমা আউয়াল।

## ‘এমএই পণ্যের বাজারজাতকরণ কৌশল’ প্রশিক্ষণ



২৮-৩০ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ হস্তশিল্প প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বাংলাক্রাফট)-এর সহযোগিতায় ‘এমএই পণ্যের বাজারজাতকরণ কৌশল’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। ঢাকায় (বাংলাক্রাফট) -এর প্রধান কার্যালয়ে আয়োজিত প্রশিক্ষণে হ্যান্ডিক্রাফট সেক্টরের ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব ও বাংলাক্রাফট-এর প্রশাসক শরীফ মোস্তাফিজুর রহমান।

## ঢাকায় ‘Jewelry Design Development for SMEs’ প্রশিক্ষণ




১৮-২১ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)-এর সহযোগিতায় ঢাকায় ‘Jewelry Design Development for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে বাজুস-এর সদস্যরা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে জুয়েলারি পণ্যের ইতিহাস, নকশা, যন্ত্রাংশ ব্যবহারের মাধ্যমে গহনার গুণগত মান নিশ্চিতকরণ, যুগোপযোগী ডিজাইন, গহনার মান উন্নয়ন প্রভৃতি বিষয়ে বিস্তারিত প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের ৪র্থ দিন সকল প্রশিক্ষণার্থীদের তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়ে কারখানা পরিদর্শন করানো হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন এবং প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে দিক-নির্দেশনামূলক পরামর্শ দেন। বাজুসের সহ-সভাপতিসহ অ্যাসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী উপস্থিত ছিলেন।

## ‘বহুমুখী চামড়াজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চামড়া শিল্পে দক্ষ জনবল তৈরি, চামড়াজাত পণ্যের বৈচিত্র্যকরণ এবং এই খাতে নতুন নতুন উদ্যোক্তা তৈরির লক্ষ্যে নানা ধরনের কার্যক্রম পরিচালনার অংশ হিসাবে ৩০ জুন-২৩ জুলাই ২০২৫ ঢাকার হাজারীবাগে ‘বহুমুখী চামড়াজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে অংশগ্রহণার্থীগণ চামড়ার শ্রেণিবিন্যাস এবং চামড়া সম্পর্কে প্রাথমিক ধারণা, চামড়া শিল্পে ব্যবহৃত যন্ত্রাংশের পরিচিতি, যন্ত্রাংশের ব্যবহার, টুলস্ অ্যান্ড অ্যাটাচমেন্ট, প্যাটার্ন তৈরির ধারণা, কাঁচামালের উৎস, পণ্যের সম্যক জ্ঞান, দক্ষতা উন্নয়ন, চামড়ার বিভিন্ন ব্যাগ, বেল্ট, মানি ব্যাগ, চাবির রিং, লেডিস ব্যাগ, জুতা, স্যান্ডেল, চামড়ার জ্যাকেট, জায়নামাজ, লেডিস-জেন্টস ব্যাগ, মোবাইল, অফিস ব্যাগ, সেমিনার ও ল্যাপটপ ব্যাগ তৈরি, বাজারজাতকরণ কৌশল, পণ্যের মান নির্ণয় ও প্যাকেজিং বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়ে হাতে-কলমে শেখানো হয়। এছাড়া ব্যবসায় ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ব্র্যান্ডিং মূল্য নির্ধারণ ও নিরূপণ, সফল উদ্যোক্তার সাথে মতবিনিময়সহ সার্বিক ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. রাকিব উদ্দিন খান এবং সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী।

## ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ



২৯-৩০ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী। ২৯-৩০ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে আয়োজন করা হয়।

## ‘এসএমইদের উৎপাদনশীলতায় কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) এর ভূমিকা’ শীর্ষক সেমিনার



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১৭ এপ্রিল ২০২৫ বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (BIM), ঢাকায় ‘এসএমইদের উৎপাদনশীলতায় কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) এর ভূমিকা’ শীর্ষক সেমিনার আয়োজিত হয়। সেমিনারে কৃত্রিম বুদ্ধিমত্তা বা অটোমেশন, ডাটা বিশ্লেষণ, কাস্টমার সার্ভিস, মার্কেটিং অপটিমাইজেশনের মাধ্যমে বাংলাদেশের এসএমই খাতকে আরো আধুনিক, দক্ষ এবং প্রতিযোগিতামূলক করার উপায় নিয়ে আলোচনা করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিল্পসচিব মো. ওবায়দুর রহমান এবং বিশেষ অতিথি ছিলেন রশিদুল হাসান, মহাপরিচালক, বিআইএম। সভাপতিত্ব করেন মো. মুসফিকুর রহমান, চেয়ারপার্সন এসএমই ফাউন্ডেশন। স্বাগত বক্তব্য প্রদান করেন আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। ফাউন্ডেশনের তথ্য প্রযুক্তিগত কার্যক্রম উপস্থাপনা করেন ফারজানা খান, উপব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো. রোকনুজ্জামান, অধ্যাপক, ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

## ‘Accelerate Online Marketing with AI’ কর্মশালা



২৬-২৮ এপ্রিল ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Accelerate Online Marketing with AI’ শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তাদের ব্যবসার বিপণন কার্যক্রমকে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) প্রযুক্তির মাধ্যমে আরও গতিশীল করার নানা কৌশল শেখানো হয়। সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান সনদ বিতরণ করেন।

২০-২২ মে ২০২৫ বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BPGMEA) কার্যালয়ে ‘Accelerate Online Marketing with AI’ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় অংশগ্রহণকারীরা অনলাইন মার্কেটিংয়ের বিভিন্ন দিক, কনটেন্ট অটোমেশন, গ্রাহক বিশ্লেষণ এবং কাস্টমাইজড বিজ্ঞাপনসহ নানা বিষয়ে বাস্তবভিত্তিক জ্ঞান ও দক্ষতা অর্জন করেন।

## ‘Website Development & Maintenance’ প্রশিক্ষণ



২২-২৩ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের নিজস্ব ওয়েবসাইট তৈরি ও পরিচালনায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ‘Website Development & Maintenance’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ওয়েবসাইট তৈরির প্রয়োজনীয় বিষয়, ডোমেইন-হোস্টিং, পরিচালনায় করণীয় এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন কাজী মাহমুদ বিন আবদুল্লাহ। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী সনদ বিতরণ করেন। ইনকিউবেটি ছাড়াও কয়েকজন সম্ভাবনাময় উদ্যোক্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

## ‘আইটি প্রতিষ্ঠানের সাথে এসএমই উদ্যোক্তাদের সংযোগ স্থাপন’ কর্মশালা



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২৪ জুন ২০২৫ ‘আইটি প্রতিষ্ঠানের সাথে এসএমই উদ্যোক্তাদের সংযোগ স্থাপন’ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালা সঞ্চালনা করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান। কর্মশালায় দেশের স্বনামধন্য ৫টি তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন এবং তাঁরা তাঁদের প্রতিষ্ঠানসমূহের উদ্ভাবিত বিভিন্ন আইটি-ভিত্তিক সেবা, সমাধান ও প্রযুক্তিগত সক্ষমতা সম্পর্কে বিস্তারিত উপস্থাপন করেন। কর্মশালায় ৪০জন এসএমই উদ্যোক্তাসহ ৫০জন অংশগ্রহণ করেন। এসএমই উদ্যোক্তাদের প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি এবং ডিজিটাল সেবার সাথে সংযুক্তকরণে এ কর্মশালা গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে বিবেচিত হয়।

## ডিজিটাল ফটোগ্রাফি’ শীর্ষক প্রশিক্ষণ

২৮-২৯ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নেত্রকোনা জেলায় এসএমই ব্যবসা প্রসারে পণ্যের ডিজিটাল ফটোগ্রাফি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্যোক্তাদের মাঝে পণ্যের ডিজিটাল ফটোগ্রাফি বিষয়ে প্রাথমিক ধারণা ও বাস্তবসম্মত কৌশল উন্নতি সাধনের লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আসমা বিনতে রফিক, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর। সভাপতিত্ব করেন মনি সরকার, সভাপতি, তৃণমূল নারী উদ্যোক্তা সোসাইটি (গ্রাসরুটস), নেত্রকোণা। কর্মশালায় উদ্যোক্তারা ফটোগ্রাফির মৌলিক বিষয়, আলোকসম্পাত, পণ্যের উপযুক্ত কোণ নির্ধারণ, মোবাইল ও বেসিক ক্যামেরা ব্যবহারের কৌশলসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে কনটেন্ট তৈরি ও প্রচারের প্রাথমিক কলাকৌশল সম্পর্কে ধারণা অর্জন করেন।

## ‘সাইবার নিরাপত্তা’ প্রশিক্ষণ



১৬-১৮ জুন ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘সাইবার নিরাপত্তা’ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। হ্যাকারদের আক্রমণ, ডেটা চুরি, স্ক্যাম ইমেইল ও অনলাইন প্রতারণা এখন এসএমই উদ্যোক্তাদের জন্য বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা শিখেছেন সাধারণ সাইবার হুমকির ধরন, নিরাপদ পাসওয়ার্ড ব্যবস্থাপনা, ফিশিং ও স্ক্যাম থেকে সুরক্ষার কৌশল এবং ছোট ব্যবসার উপযোগী সাইবার নিরাপত্তা টুলস।

## ‘Social Media Marketing for SMEs’ প্রশিক্ষণ



১২-১৪ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Social Media Marketing for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। সোশ্যাল মিডিয়া মার্কেটিং ব্যবসার গুরুত্বপূর্ণ হাতিয়ার। বেশিরভাগ ইনকিউবেটি উদ্যোক্তাদের নিজস্ব শোরুম না থাকায় তারা পণ্য/সেবা বিক্রয়ের জন্য সোশ্যাল মিডিয়ার উপর নির্ভরশীল। এ বিষয়ে ইনকিউবেটিদের দক্ষতা বৃদ্ধি করার জন্য তাদের চাহিদার ভিত্তিতে ইনকিউবেটিদের দক্ষতা বৃদ্ধির জন্য এই কর্মশালা আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

## মিরপুর বেনারসি ক্লাস্টারে পণ্য বৈচিত্র্যকরণ ও মানোন্নয়নে বিশেষ কর্মসূচি'র আয়োজন




মিরপুর বেনারসি ক্লাস্টারে মতবিনিময় সভায় শিল্প উপদেষ্টা আদিলুর রহমান খানসহ অতিথিবৃন্দ

৮ মে ২০২৫ মিরপুর বেনারসি ক্লাস্টারে পণ্য প্রদর্শনী কর্মসূচি পরিদর্শন করেন শিল্প এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপদেষ্টা আদিলুর রহমান খান, ইঞ্জিনিয়ার মো. রিয়াজুল ইসলাম, চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান। উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও আব্দুস সালাম সরদার। ২৭ এপ্রিল-৮ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মিরপুর বেনারসি ক্লাস্টারে পণ্য বৈচিত্র্যকরণ ও মানোন্নয়নে বিশেষ কর্মসূচি আয়োজন করা হয়। দ্বিতীয় ধাপে আয়োজিত এই কর্মশালায় উদ্যোক্তারা প্রথাগত বেনারসি শাড়ির পাশাপাশি বেনারসি কাপড় থেকে লেহেঙ্গা, গাউন, শার্ট, প্যান্ট, টাই, টুপি, বাটুয়া, পার্স, মানিব্যাগ, পর্দা, কুশন কাভারসহ হাউজহোল্ডের বিভিন্ন পণ্য উৎপাদন শেখানো হয়েছে। এসএমই ফাউন্ডেশন এবং ওয়ার্ল্ড ব্যাংকের যৌথ উদ্যোগে অনুষ্ঠিতব্য ক্রেতা-বিক্রেতা সামিটে উদ্যোক্তাদের এই পণ্য উপস্থাপন ও ফ্যাশন-শো তে প্রদর্শন করা হবে যা উদ্যোক্তাদের দেশী ও বিদেশী ক্রেতাদের সাথে মেলবন্ধনে বিশেষ ভূমিকা পালন করবে।

## ফাউন্ডেশনের ১৯তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




১০ মে ২০২৫ রাজধানীর আগারগাঁও পর্যটন ভবনে এসএমই ফাউন্ডেশনে ১৯তম বার্ষিক সাধারণ সভায় ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান জানান, ২০২৩-২৪ এসএমই ফাউন্ডেশনের কর্মসূচির সরাসরি সুবিধাভোগী ৩৪৭২০জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তার মধ্যে পুরুষ ১৭০০১জন এবং নারী ১৭৭১৯জন। এসএমই ফাউন্ডেশনের ১৯তম বার্ষিক সাধারণ সভায় পরিচালক পর্ষদ এবং সাধারণ পর্ষদের সদস্যদের কাছে ২০২৩-২৪ অর্থবছরের বাস্তবায়িত কর্মসূচির ওপর বিভিন্ন পরিসংখ্যান তুলে ধরেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। তিনি জানান, ২০২৩-২৪ অর্থবছরে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের উন্নয়নে ৬৯২টি কর্মসূচি বাস্তবায়ন করে এসএমই ফাউন্ডেশন। এর মধ্যে উল্লেখযোগ্য হলো, ১১ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২৪ এবং জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার ২০২৩ প্রদান, যশোর ও ময়মনসিংহে বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৩ আয়োজন, ৭ম ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও পণ্য মেলা ২০২৩ আয়োজন, এসএমই উদ্যোক্তাদের ঋণ প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের সাথে ২৩টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের চুক্তি স্বাক্ষর, ময়মনসিংহে বিভাগীয় এসএমই উদ্যোক্তা-ব্যাংকার সম্মেলন ২০২৩ আয়োজন, চট্টগ্রাম ও রাজশাহীতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ (YESS) কর্মসূচি আয়োজন, এসএমই ফাউন্ডেশনের সহায়তায় রাজশাহীর কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপন এবং যশোর ও সিরাজগঞ্জে এসএমই ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপনের সম্ভাব্যতা যাচাই, ফাউন্ডেশনের অনলাইন পণ্য প্রদর্শনী কেন্দ্রে হাজারীবাগ লেদার এবং জামালপুর নকশিকাঁথা ক্লাস্টারের উদ্যোক্তা ও পণ্যের তথ্য অন্তর্ভুক্তিকরণ, নারী-উদ্যোক্তাদের সহায়তায় ওয়ান স্টপ ডিজিটাল প্ল্যাটফর্ম 'WE-HELP' উদ্বোধন, এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ৯টি প্রতিষ্ঠানের ISO 22000:2018 সনদ অর্জন, ২০২৪-২৫ অর্থবছরের বাজেটের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে এসএমই খাতের উন্নয়নে ৩৪টি প্রস্তাব উত্থাপন, ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২৪-এ ফাউন্ডেশনের সহায়তায় উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন, ১৯তম মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস ২০২৩-এ এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ, ফাউন্ডেশনের প্রকাশনা দর্শনার্থীদের কাছে তুলে ধরতে অমর একুশে বইমেলা ২০২৪-এ অংশগ্রহণ, গণমাধ্যম প্রতিনিধিদের নিয়ে ৪টি জেলায় এসএমই ক্লাস্টার ভিজিট, ৪টি ত্রৈমাসিক নিউজলেটার ও ২০২৪ সালের ক্যালেন্ডার তৈরি ও প্রকাশ, আন্তর্জাতিক এমএসএমই দিবস ২০২৪ উদযাপন এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে ১৪১টি প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন। ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ২০২৩-২৪ অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপন ও গ্রহণ, নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন অনুমোদন এবং ২০২৫-২৬ অর্থবছরের বাজেট অনুমোদন করা হয়। পরিচালক পর্ষদের প্রতিবেদনের ওপর মতামত ও সুপারিশ প্রদান করেন সাধারণ পর্ষদ সদস্যগণ।

## 'SMEF Service Platform' সেবা চালু




০৫ মে ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'SMEF Service Platform' সেবা চালু করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান এবং সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক মো, মোস্তাফিজুর রহমান, এসএমই উদ্যোক্তা, সফটওয়্যার প্রতিষ্ঠান ও বিভিন্ন সংগঠনের প্রতিনিধিবৃন্দ। উদ্যোক্তারা জানান, এই প্ল্যাটফর্ম ব্যবহারের মাধ্যমে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম অধিক গতিশীল ও সেবামুখী হবে, উদ্যোক্তাদের জন্য এসএমই ফাউন্ডেশনের সেবা প্রাপ্তি সহজ হবে এবং উদ্যোক্তা উন্নয়নমূলক কার্যক্রম ত্বরান্বিত হবে।

সম্পাদক: আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, সম্পাদনা পরিষদ: মো. নাজিম হাসান সাত্তার, উপব্যবস্থাপনা পরিচালক; ফারজানা খান, উপব্যবস্থাপনা পরিচালক; মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক; মো. আবদুস সালাম সরদার, মহাব্যবস্থাপক: মুহাম্মদ মোরশেদ আলম, উপমহাব্যবস্থাপক, অঙ্গসজ্জা: অসীম কুমার হালদার, ব্যবস্থাপক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল: ৬ ও ৭) প্লট: ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০ ২ ৪১০২৪১০৮-১০ ফ্যাক্স: +৮৮০ ২ ৪১০২৪৭১১১, ই-মেইল: info@smef.gov.bd ওয়েব সাইট: www.smef.gov.bd

Scan to download PDF